

প্রথম আলো

তারিখ ২৬ অগস্ট ২০০৫...
পৃষ্ঠা ২৬ কলাম ৪.....

শিক্ষক নিবন্ধন পরীক্ষা ৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর

নিম্ন প্রতিবেদক •

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও
প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ)
অধীনে 'অষ্টম শিক্ষক' নিবন্ধন
পরীক্ষার জন্য আগামী ১ মে থেকে
৩১ মে পর্যন্ত আবেদন করা যাবে।
আর মাধ্যমিক স্তরের পরীক্ষা ৩১
আগস্ট এবং উচ্চমাধ্যমিক স্তরের
পরীক্ষা আগামী ১ সেপ্টেম্বর অনুষ্ঠিত
হবে।

গতকাল বুধবার শিক্ষা
মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য
জানানো হয়েছে। এতে বলা হয়,
(<http://ntrca.teletalk.com.bd>)
ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে
আবেদন করতে হবে। এরপর
প্রিন্টকৃত অনলাইন আবেদনপত্রের
সঙ্গে শিক্ষাগত যোগ্যতার, সনদসহ
অন্যান্য কাগজপত্র সদস্য (পরীক্ষা
মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ,
নায়ম একাডেমিক ভবন (ঘট তলা),
ধানমন্ডি, ঢাকা ১২০৫-এর বরাবর
সরাসরি বা ডাকযোগে আগামী ১৪
জুনের মধ্যে পৌঁছাতে হবে।